



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি মাওলানা মোহাম্মদ আলী কলেজ
কাগমারী, টাঙ্গাইল।
www.govmmalicollege.edu.bd



তারিখ:- ১৯/০৬/২০২২খ্রিঃ

২০২১-২০২২ শিক্ষাবর্ষ অনার্স ১ম বর্ষের ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এই কলেজে (কলেজকোড-৫৩০২) ২০২১-২০২২ শিক্ষাবর্ষ অনার্স ১ম বর্ষে (১ম মেধা তালিকায়) নির্বাচিত শিক্ষার্থীদের ২০/০৬/২০২২ তারিখ হতে ২৮/০৬/২০২২ তারিখ পর্যন্ত ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী পরিচালিত হবে।

১। বিভাগীয় সেমিনার ফি আদায়: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট-www.nu.ac.bd/admission হতে পূরণকৃত আবেদন ফরম শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগে উপস্থাপন করার পর বিভাগসমূহ ভর্তির মেধা তালিকার সাথে যাচাই করে বিভাগীয় সেমিনার ফি আদায় এবং কলেজের পাওয়ানা পরিশোধের ব্যাংক রশিদ শিক্ষার্থীকে প্রদান করবে।

২। বিভাগে আবেদন ফরম জমা দান: ব্যাংকে টাকা জমার পর রশিদের কলেজ অংশ এবং নিম্নোক্ত কাগজপত্র সহ আবেদন ফরম শিক্ষার্থীরা বিভাগে জমা প্রদান করবে।

ক) এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র

খ) এসএসসি ও এইচএসসি পরীক্ষার নম্বরপত্র, প্রসংশাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

গ) পাসপোর্ট সাইজের ছবি ৪ কপি ও স্ট্যাম্প সাইজের ছবি দুই কপি।

ঘ) বিভাগ হতে সরবরাহকৃত পূরণকৃত তথ্য ফরম (নমুনা তথ্য ফরম সংযুক্ত)

বিভাগসমূহ শিক্ষার্থীর আবেদনপত্র এসএসসি ও এইচএসসি কাগজপত্রের সাথে যথাযথভাবে যাচাই-বাছাই করে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রতিদিনের আবেদন পত্র ভর্তি কমিটির নিকট প্রদান করবে। উল্লেখ্য যে, ভর্তিকৃত শিক্ষার্থীদের যাবতীয় তথ্য সম্বলিত ডাটাবেজ হার্ড কপি ও সফট কপিতে (সংযুক্ত ছক মোতাবেক) বিভাগে সংরক্ষণ করতে হবে।

৩। ভর্তি নিশ্চয়ন: ভর্তি কমিটি কর্তৃক অনলাইনে শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়ন করা হবে। প্রতিদিনের ভর্তিকৃত শিক্ষার্থীদের আবেদন ফরম ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। উল্লেখ্য যে, নিশ্চয়ন করার পূর্বে ভর্তির কাজ সম্পন্ন হবে না। বিষয়টি বিভাগসমূহ শিক্ষার্থীদের গুরুত্বসহকারে অবহিত করবে।

৪। প্রয়োজনীয় টাকার পরিমান:


BSc. Honors	৩৯৪৫+২২০০=৬১৪৫/-
BSS Honors	৩৮৪৫+১৬০০=৫৪৪৫/-
BA Honors	৩৮৪৫+১৬০০=৫৪৪৫/-
BBS Honors	৩৮৪৫+১৬০০=৫৪৪৫/-

৫। শ্রেণি রোল নম্বর প্রদান: বিভাগসমূহ শিক্ষার্থীদের শ্রেণি রোল নম্বর প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করবে।


ক) শিক্ষাবর্ষের জন্য (২০২১-২০২২)-22

খ) সংশ্লিষ্ট বিষয়ের বিষয় কোড যেমন বাংলার বিষয় কোড-10

গ) বিভাগসমূহের জন্য 001 হতে পর্যায়ক্রমে অর্থাৎ বাংলা বিভাগের প্রথম ভর্তিকৃত শিক্ষার্থীর রোল নম্বর হবে।
2210001


(প্রফেসর মো. শহীদুজ্জামান মিয়া)
অধ্যক্ষ

সরকারি মাওলানা মোহাম্মদ আলী কলেজ
টাংগাইল।


(খন্দকার মোঃ ইয়াকুব আলী)
আহবায়ক

২০২১-২০২২ শিক্ষাবর্ষ স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি কমিটি
সরকারি মাওলানা মোহাম্মদ আলী কলেজ, টাংগাইল।